

পনের কোটি মানুষের জন্য প্রতিদিন

যায়যায়দিন

দৈনিক যায়যায়দিন, ২০১৯-০৪-২৬, পৃঃ- ১৫



শিক্ষাঙ্গন সংবাদ



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের আয়োজনে তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

বাংলাদেশসহ ২৫টি দেশের ৩৫০ জনেরও অধিক গবেষকের অংশগ্রহণে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্টাডিজ ও লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগ এবং বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) এর যৌথ আয়োজনে ২৫ - ২৭ এপ্রিল 'তথ্য ও জ্ঞান ব্যবস্থাপনা' বিষয়ে তিন দিনের আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। বৃহস্পতিবার বিকেলে সভার লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে এ সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান এমপি, মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন, বিশেষ অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. ফকরুল আলম। সভাপতিত্ব করেন বিপিএটিসির রেজিষ্টার, ড. এম আসলাম আলম। সম্মেলনে ১৫০টিরও বেশি মৌলিক প্রবন্ধ উপস্থাপন ও এগুলো নিয়ে আলোচনা করা হয়। বিজ্ঞপ্তি